গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.৯৯.০০৩.২৬-৬১০

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

**বিষয়: উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেল অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে ব্যবহৃত তথ্যপ্রযুক্তি (ICT) অবকাঠামো, কম্পিউটার সিস্টেম ও নেটওয়ার্কের নিরাপত্তা এবং কর্মক্ষমতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় আপগ্রেডেশন।**

ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন অটোমেটেড ভূমিসেবা কার্যক্রম নিরাপদ, নিরবচ্ছিন্ন ও কার্যকরভাবে পরিচালনার স্বার্থে উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেল অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে ব্যবহৃত কম্পিউটার, নেটওয়ার্ক এবং অন্যান্য আইসিটি ডিভাইসসমূহের নিরাপত্তা ও কর্মক্ষমতা বৃদ্ধি করা অত্যন্ত জরুরি। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা প্রয়োজন–

১. সকল কম্পিউটারে লাইসেন্সপ্রাপ্ত ও সর্বশেষ সংস্করণের অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল ও নিয়মিত আপডেট নিশ্চিত করতে হবে।

২. সরকারি ওয়েবভিত্তিক সিস্টেম ব্যবহারের ক্ষেত্রে নির্ধারিত ও নিরাপদ ব্রাউজার (যেমন- Microsoft Edge, Google Chrome, Mozilla Firefox-এর সর্বশেষ সংস্করণ) ব্যবহার নিশ্চিত করতে হবে এবং পুরাতন বা অনিরাপদ ব্রাউজার ব্যবহার পরিহার করতে হবে।

৩. কম্পিউটারের হার্ডওয়্যার সক্ষমতা (RAM, Storage, Processor ইত্যাদি) পর্যালোচনা করে প্রয়োজনীয় ক্ষেত্রে আপগ্রেডের উদ্যোগ গ্রহণ করতে হবে, যাতে সকল অটোমেটেড ভূমিসেবা সফটওয়্যার নির্বিঘ্নে পরিচালিত হয়।

৪. অফিসে ব্যবহৃত রাউটার, সুইচ, ওয়াই-ফাই ডিভাইসসহ নেটওয়ার্ক সরঞ্জামের সক্ষমতা বৃদ্ধিসহ ফার্মওয়্যার নিয়মিত হালনাগাদ করতে হবে এবং শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার নিশ্চিত করতে হবে। ডিফল্ট ইউজারনেম ও পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।

৫. সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে–
   (ক) অপারেটিং সিস্টেম ও সফটওয়্যার নিয়মিত আপডেট করতে হবে;
   (খ) অপ্রয়োজনীয় সফটওয়্যার অপসারণ করতে হবে;
   (গ) সন্দেহজনক ই-মেইল, লিংক ও ফাইল ব্যবহারে সতর্কতা অবলম্বন করতে হবে;
   (ঘ) অনুমোদনবিহীন সফটওয়্যার ইনস্টল করা থেকে বিরত থাকতে হবে; এবং
   (ঙ) শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার ও প্রয়োজনীয় ক্ষেত্রে বহুমাত্রিক পরিচয় যাচাইকরণ (Multi-Factor Authentication) অনুসরণ করতে হবে।

৬. গুরুত্বপূর্ণ তথ্যের নিয়মিত ব্যাকআপ সংরক্ষণ এবং ব্যাকআপের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

৭. অফিসে ব্যবহৃত কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, রাউটারসহ সকল আইসিটি ডিভাইসের যথাযথ শারীরিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং অননুমোদিত ব্যক্তির প্রবেশ ও ব্যবহার নিয়ন্ত্রণ করতে হবে।

৮. ইউএসবি ড্রাইভ বা অন্যান্য বহনযোগ্য স্টোরেজ ডিভাইস ব্যবহারের ক্ষেত্রে ভাইরাস স্ক্যান নিশ্চিত করতে হবে এবং অজানা উৎসের ডিভাইস ব্যবহার থেকে বিরত থাকতে হবে।

৯. সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সাইবার নিরাপত্তা ও তথ্যপ্রযুক্তি ব্যবহার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।

১০. অফিসে ব্যবহৃত সকল ডিজিটাল ভূমিসেবা সিস্টেমের কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে এবং কোনো প্রযুক্তিগত বা নিরাপত্তাজনিত সমস্যা পরিলক্ষিত হলে তা দ্রুত সংশ্লিষ্ট কারিগরি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

২। উপর্যুক্ত নির্দেশনাসমূহ সকল উপজেলা ভূমি অফিস/রাজস্ব সার্কেল অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

27/07/2026

সাদেকুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd

চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড
ভূমি ভবন, ঢাকা